রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জুন ১৬, ২০১৯**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩, জুন ২০১৯ খ্রিস্টাব্দ/৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ

**নং ১৭.০০.০০০০.০৪৫.৪০.০১১.১৯.১৯৩**।—উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৮৪ক-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন ও বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৯, জুন, ২০১৯ খ্রিঃ তারিখের নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০২.১৯.৪৯৪ এবং ১০ জুন, ২০১৯ খ্রিঃ তারিখের নং ১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.১৯.৪৯৭ স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭(১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া ও তা সংক্ষিপ্ত বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৩নং কলামে বর্ণিত উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ৪ নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের মোট ২৩(তেইশ) জন কর্মকর্তাকে ভোটগ্রহণের পূর্বের দু'দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু'দিন অর্থাৎ ১৬ জুন, ২০১৯ খ্রিঃ হতে ২০ জুন, ২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

**"তফসিল"**

| ক্রমিক নং | জেলা | উপজেলা | কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | শেরপুর | নকলা | জনাব মোঃ সুলতান মাহমুদ, অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, শেরপুর |
| ২. | নাটোর | নলডাঙ্গা | জনাব মোঃ খোরশেদ আলম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নাটোর |
| ৩. | সিরাজগঞ্জ | কামারখন্দ | জনাব মোঃ হাবিবুর রহমান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ |



মূল্য : টাকা ৪.০০

| ক্রমিক নং | জেলা | উপজেলা | কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪. | গাইবান্ধা | সুন্দরগঞ্জ | জনাব উপেন্দ্র চন্দ্র দাস, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা |
| ৫. | পটুয়াখালী | রাংগাবালী | জনাব মোঃ আল-আমীন, অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পটুয়াখালী |
| ৬. | বরগুনা | তালতলী | জনাব মোহাম্মদ সিরাজুল ইসলাম গাজী, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বরগুনা |
| ৭. | গাজীপুর | গাজীপুর সদর | জনাব মোঃ ইলিয়াস রহমান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাজীপুর |
| ৮. | নারায়ণগঞ্জ | বন্দর | জনাব মোঃ মাহমুদুল মোহসীন, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ |
| ৯. | মাদারীপুর | মাদারীপুর সদর | জনাব সাঈদুর রহমান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মাদারীপুর |
| ১০. | রাজবাড়ী | কালুখালী | জনাব আবু হাসান খায়রুল্লাহ, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী |
| ১১. | হবিগঞ্জ | শায়েস্তাগঞ্জ | জনাব তৌহিদুল ইসলাম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ |
| ১২. | ব্রাহ্মণবাড়ীয়া | বাঞ্ছারামপুর | জনাব মুহাম্মদ সরওয়ার আলম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়ীয়া |
| ১৩. | | বিজয়নগর | জনাব মুহাম্মাদ মোশাররফ হোসাইন, অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়ীয়া |
| ১৪. | কুমিল্লা | আদর্শ সদর | জনাব শাহনেওয়াজ মনির, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা |
| ১৫. | | সদর দক্ষিণ | জনাব চন্দন কান্তি নাথ, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা |
| ১৬. | নোয়াখালী | সদর | জনাব মোহাম্মদ সাঈদীন নাঁহী, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নোয়াখালী |
| ১৭. | রাজশাহী | পবা | জনাব মোঃ সাইফুল ইসলাম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী |
| ১৮. | নেত্রকোণা | পূর্বধলা | জনাব মাহমুদুল ইসলাম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা |
| ১৯. | সুনামগঞ্জ | জামালগঞ্জ | জনাব শুভদীপ পাল, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ |
| ২০. | কিশোরগঞ্জ | কটিয়াদী | জনাব মোঃ রফিকুল বারী, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ |
| ২১. | পিরোজপুর | মঠবাড়িয়া | জনাব মোঃ আল-ফয়সাল, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মঠবাড়িয়া, পিরোজপুর |
| ২২. | ফেণী | ছাগলনাইয়া | জনাব ধ্রুব জ্যোতি পাল, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফেণী |
| ২৩. | খুলনা | ডুমুরিয়া | জনাব সাইফুজ্জামান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, খুলনা |

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিলকরতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

**"ছক"**

জেলার নাম : ........................................................... উপজেলার নাম : .......................

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ১(এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ শরীফ হোসেন হায়দার**
উপসচিব (আইন)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd